

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-৮ (ভোকেশনাল-৩)
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.০৪৪.১৩-৫৮৪

তারিখঃ ০৫/০৭/২০১৮খ্রিঃ

বিষয়ঃ নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বড়াইগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট এর এমপিও সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নাটোর জেলার বড়াইগ্রাম উপজেলাধীন বড়াইগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট জনাব মোঃ শফিকুল ইসলাম এর এমপিও ভুক্তির জন্য এই অধিদপ্তরে আবেদন জমা করেন।

- ২। আবেদন যাচাই-বাছাই করে ২৮/০৬/২০১৬খ্রিঃ তারিখে ৩১ তম এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হলে প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকায় তাঁর এমপিও বিষয়টি বিবেচনা করা হয়নি।
- ৩। পরবর্তীতে প্রতিষ্ঠান প্রধান এমপিও সংক্রান্ত সংযুক্ত কাগজপত্র প্রেরণ করেন। প্রেরিত কাগজপত্রাদি যাচাইয়াত্তে বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট জনাব মোঃ শফিকুল ইসলাম এর এমপিও সম্পর্কিত প্রস্তাবে গড়মিল/অসংগতি পরিলক্ষিত হয়েছে বিধায় নিম্ন বর্ণিত কাগজপত্রাদির সঠিকতা যাচাই করা প্রয়োজনঃ
 - ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অ্যাফিলিয়েশন ও স্বীকৃতি নবায়নের প্রমানক।
 - খ) প্রতিষ্ঠানের জিও এর কপি।
 - গ) কর্মরত জনবলের তালিকা(পদ উল্লেখসহ)।
 - ঘ) এমপিও শীট(সর্বশেষ)।
 - ঙ) মহাপরিচালক মহোদয়ের প্রতিনিধি মনোনয়নের পত্র ও নিয়োগ বোর্ড গঠনের প্রতিনিধি পত্র।
 - চ) নিয়োগ সংক্রান্ত রেজুলেশনের মূল বহি।
 - ছ) মূল টেবুলেশন শীট।
 - জ) নিয়োগ ও যোগদান পত্র।

এমতাবস্থায়, এমপিও সংশ্লিষ্ট বর্ণিত মূল কাগজপত্র এবং উহার ০১(এক)সেট ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধানকে আগামী ১৫/০৭/২০১৮খ্রিঃ তারিখে সকাল ১১:০০ ঘটিকায় এই অধিদপ্তরে উপস্থিত থেকে কাগজপত্রাদি যাচাইয়ে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হল।

অধ্যক্ষ
বড়াইগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ
বড়াইগ্রাম, নাটোর।


স্বাক্ষরিত/-
(ড. মোঃ নুরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯৪.৩১.০৪৪.১৩-৫৮৪(৮)

তারিখঃ ০৫/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি ঃ

- ১। জেলা প্রশাসক, নাটোর।
- ২। উপসচিব (কারিগরি-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নাটোর।
- ৪। সভাপতি, বড়াইগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বড়াইগ্রাম, নাটোর।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল)।
- ৬। জনাব মোঃ শফিকুল ইসলাম, বিজ্ঞান ল্যাব এ্যাসিস্টেন্ট, বড়াইগ্রাম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বড়াইগ্রাম, নাটোর।
- ৭। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।


(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।